

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
www.lgd.gov.bd.

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১২৭.২০১৪- ৩২৭

তারিখ : ২২ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ  
০৫ মে ২০১৬ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ আবু বক্কর সিদ্দিকী, ভাইস চেয়ারম্যান, খোকসা উপজেলা পরিষদ, কুষ্টিয়া-এর বিরুদ্ধে খোকসা জিআর-৭/১৪ পরবর্তীতে সেশন কেস নং-৫৮২/১৫-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ আবু বক্কর সিদ্দিকী, ভাইস চেয়ারম্যান, খোকসা উপজেলা পরিষদ, কুষ্টিয়া-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে কুষ্টিয়া জেলার খোকসা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আবু বক্কর সিদ্দিকীকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J.A. in  
০৫/০৫/২০১৬  
(ড. জুলিয়া মর্দীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১২৭.২০১৪- ৩২৭

তারিখ : ২২ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ  
০৫ মে ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৬। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খোকসা, কুষ্টিয়া।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া।
- ১২। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, খোকসা, কুষ্টিয়া।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুষ্টিয়া/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খোকসা, কুষ্টিয়া।
- ১৪। জনাব মোঃ আবু বক্কর সিদ্দিকী, ভাইস চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত); উপজেলা পরিষদ, খোকসা, কুষ্টিয়া।
- ১৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

J.A. in  
০৫/০৫/২০১৬  
(ড. জুলিয়া মর্দীন)  
সিনিয়র সহকারী সচিব